



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০২৪/ ৫৭ নং

তারিখ : ০৬/০১/২০২৫

বিষয় : পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, চরপদ্মা আফছারিয়া স্কুল এন্ড কলেজ, ডাক: চরপদ্মা, উপজেলা: মুলাদী, জেলা: বরিশাল- এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতি নিম্নোক্ত শর্তে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১/০৭/২০২৫ থেকে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য প্রদান করা হলো।


পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
২। নৈর্ব্যক্তিগত বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস, সমাজকর্ম, ইসলাম শিক্ষা, ভূগোল ও যুক্তিবিদ্যা।
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা।
গ) সকল শাখার জন্য	: কৃষিশিক্ষা।

শর্তাবলী

- ০১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ৩০(ত্রিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে।
- ০৩। সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা কোন অনুদান দাবী করা যাবে না।
- ০৪। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে।
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ০৬। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ০৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।
- ০৯। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে।
- ১০। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে।
- ১১। পরবর্তী উচ্চমাধ্যমিক ভর্তির সময় কোন শিক্ষার্থীর ইচ্ছার বিরুদ্ধে ভর্তি করলে কলেজের স্বীকৃতি স্থগিত করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

 ০৬-০১-২০২৫

প্রফেসর ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com

প্রধান শিক্ষক

চরপদ্মা আফছারিয়া স্কুল এন্ড কলেজ

ডাক: চরপদ্মা, উপজেলা: মুলাদী

জেলা : বরিশাল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।

৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো।

৬। সংরক্ষণ নথি